# উসূলে ফিক্বহ (ফিক্বহের মূলনীতি)

বিভাগ/অধ্যায়ঃ রহিতকরণ (النسخ)

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

যা 'রহিত হওয়া' নিষিদ্ধ

নিম্নোক্ত বিষয়গুলি রহিত হওয়া নিষিদ্ধ:

(১) বিবরণসমূহ। কেননা, রহিত হওয়ার ক্ষেত্র হলো হুকুম। আর দু' বিবরণের একটি রহিত হলে, এর যেকোন একটি মিথ্যা হওয়া অবধারিত হয়। আল্লাহ ও তার রসূলের বর্ণনাসমূহে মিথ্যা থাকা অসম্ভব। তবে যদি কোন হুকুম خبر এর আকৃতিতে আসে, তাহলে সেটি রহিত হওয়া নিষিদ্ধ নয়। যেমন, আল্লাহর বাণী:

إِنْ يَكُنْ مِنْكُمْ عِشْرُونَ صَابِرُونَ يَغْلِبُوا مِائَتَيْنِ

“যদি তোমাদের মাঝে বিশ জন ধৈর্যশীল মুজাহিদ থাকে, তবে তারা দু'শত জনের মোকাবেলায় জয়ী হবে (সূরা আল-আনফাল ৮:৬৫)।”

এটি বর্ণনামূলক হলেও এর অর্থ নির্দেশমূলক। এ জন্য পরের আয়াতে এটি রহিত হওয়ার বিধান বর্ণিত হয়েছে। আল্লাহ তা‘য়ালা বলেন,

الْآنَ خَفَّفَ اللَّهُ عَنْكُمْ وَعَلِمَ أَنَّ فِيكُمْ ضَعْفًا فَإِنْ يَكُنْ مِنْكُمْ مِئَةٌ صَابِرَةٌ يَغْلِبُوا مِائَتَيْنِ وَإِنْ يَكُنْ مِنْكُمْ أَلْفٌ يَغْلِبُوا أَلْفَيْنِ بِإِذْنِ اللَّهِ وَاللَّهُ مَعَ الصَّابِرِينَ

“এখন আল্লাহ তোমাদের উপর বোঝা হালকা করে দিয়েছেন। আর তিনি জানেন যে, নিশ্চয়ই তোমাদের মাঝে দুর্বলতা রয়েছে। এতএব তোমাদের মাঝে একশত জন মুজাহিদ থাকলে, তারা দু'শত জনের মোকাবেলায় জয়ী হবে (সূরা আল-আনফাল ৮:৬৬)।”

(২) ঐ সমস্ত বিধি-বিধান যা সর্বাবস্থায় সর্বদা কল্যাণকর। যেমন: আল্লাহর একত্ব, ঈমানের মৌলিক বিষয়, ইবাদতের মৌলিক বিষয়, সততা, নিষ্কলুষতা, সচ্চরিত্র, বদান্যতা ও বীরত্ব প্রভৃতি রহিত হওয়া সম্ভব নয়।

অনুরূপভাবে যে সব জিনিস সর্বদা মন্দ হিসেবে বিবেচিত হওয়ার কারণে নিষিদ্ধ, সেগুলিও রহিত হওয়া সম্ভব নয়। যেমন: শিরক, কুফর, পাপাচারিতা, মিথ্যা, মন্দচরিত্র, কৃপণতা ও ভীরুতা ইত্যাদি। কারণ সম্পূর্ণভাবে বান্দার কল্যাণ সাধন এবং তাদের জন্য ক্ষতিকর এমন জিনিস থেকে বিরত রাখার জন্য শরীয়াত প্রণীত হয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9453

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন